গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
উপজেলা নির্বাহী অফিসারেরকার্যালয়
রূপসা, খুলনা।
www.rupsha.khulna.gov.bd

স্মারক নং: ০৫.৪৪.৪৭৭৫.০০১.১৮.০২.০০৫.২৬- ৫৬৮ (৪)

তারিখ : ০৫ নভেম্বর ২০২৬ খ্রিঃ / ২০ কার্তিক১৪৩৩ বঙ্গাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়েরঅধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা মডেল মসজিদ রূপসা, খুলনা" এর জন্য মডেল মসজিদ ব্যবস্থাপনা নীতিমালা-২০২৬ অনুযায়ী নিম্নবর্ণিত পদে নির্ধারিত শর্তে শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম ও বয়স	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১.	পেশইমাম সর্বোচ্চ ৩৫ বছর	০১ জন	নতুন নীতিমালা অনুযায়ী ২০,০০০/- পুরাতন নীতিমালা অনুযায়ী ১৫,০০০/-	**(ক) শিক্ষাগত যোগ্যতা:** আলিয়া মাদ্রাসা হতে কমপক্ষে ২য় শ্রেণির কামিল অথবা আল-হাইআতুল উলইয়া লিল- জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ স্বীকৃত কোনো কওমি মাদ্রাসা হতে কমপক্ষে ২য় শ্রেণির দাওরায়ে হাদীস (তাকমীল) অথবা দাখিল ও আলিমসহ কোনো বিশ্ববিদ্যালয় হতে ইসলামী বিষয় বা আরবীতে ২য় শ্রেণির মাস্টার্স ডিগ্রি। **(খ) অন্যান্য যোগ্যতা:** ১. ইসলামী জীবন আচারণে অভ্যস্ততা. ২. বিশুদ্ধ কুরআন তিলাওয়াত ও তরজমায় পারদর্শিতা। ৩. আরবী ভাষায় পারদর্শিতা। ৪. ইসলামী শরীয়া বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান। **(গ) অভিজ্ঞতা:** ১. কোন মসজিদে কমপক্ষে ২ বছরের ইমামতির অভিজ্ঞতা। ২. হাফিযে কুরআন ও প্রশিক্ষণপ্রাপ্ত ইমামদের অগ্রাধিকার থাকবে।

বি.দ্র. নিয়োগ প্রাপ্তির পর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ অনুসারে প্রতিটি পদের বিপরীতে উল্লিখিত সম্মানী প্রাপ্ত হবেন। পরবর্তীতে মডেল মসজিদ ব্যবস্থাপনা নীতিমালা ২০২৬ এর ১৭ অনুচ্ছেদে উল্লিখিত সম্মানী অনুমোদন হওয়ার পর উক্ত অনুচ্ছেদে প্রতিটি পদের বিপরীতে উল্লেখিত সম্মানী প্রাপ্ত হবেন।

শর্তাবলী:

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
০২. আবেদনপত্রে প্রার্থীকে ক) নাম: খ) পিতার নাম: গ) মাতার নাম: ঘ) স্থায়ী ঠিকানা ঙ) বর্তমান ঠিকানা চ) জন্ম তারিখ ছ) জাতীয়তা জ) শিক্ষাগত যোগ্যতা ঝ) মোবাইল নম্বর ও ঞ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক সভাপতি, মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, রূপসা, খুলনা বরাবর সাদা কাগজে নির্ধারিত ফরমে স্ব-হস্তে স্বাক্ষরিত আবেদন করতে হবে। আবেদন ফরম পাওয়া যাবে উপজেলা নির্বাহী অফিসার রূপসা, খুলনা এর ওয়েব সাইট www.rupsha.khulna.gov.bdও ইসলামিক ফাউন্ডেশন রূপসা,খুলনা অফিসে।
০৩. আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা বরাবর আগামী ২২ নভেম্বর ২০২৬ খ্রি. তারিখের মধ্যে সরাসরি/ ডাকযোগের মাধ্যমে দরখাস্ত পৌছাতে হবে। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। নিয়োগের ক্ষেত্রে সকল সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।
০৪.আবেদনপত্রের সাথে ক) পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্ব সনদপত্র খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙিন ছবি গ) পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ওঅভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি ।
০৫. আবেদনকারী কে আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংকের যেকোন শাখা হতে পেশ ইমাম পদের ক্ষেত্রে ৫০০/-(পাঁচশত) টাকার অফেরতযোগ্য পেমেন্ট অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা অনুকূলে জমা দিতে হবে।
০৬. তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে বিষয়টি প্রমাণক সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
০৭. আবেদনকারীর বয়স ২২/১১/২৬ খ্রি. তারিখে পেশ ইমাম পদের জন্য অনূর্ধ্ব ৩৫(পঁয়ত্রিশ) বছর হতে হবে।
০৮. অসম্পূর্ণ ত্রুটিযুক্ত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গন্য হবে। আবেদনপত্র গ্রহন, বাছাই, বাতিল নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশে পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
০৯. যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
১০. পেশ ইমাম পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে জুমআ'র খুতবা প্রদান, জুমআসহ ৫(পাঁচ) ওয়াক্ত নামাজ, রমজান মাসের তারাবির ও দুই ঈদের নামাজের ইমামতি করতে হবে।
১১. প্রাথমিকভাবে বাছাইকৃত বৈধ প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে নিজ নিজ আবেদনপত্রে উল্লেখিত মোবাইল নম্বরে অবহিত করা হবে।
১২. মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের মুলকপি সংগে আনতে হবে।
১৩. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

মো: রিফাতুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
রূপসা খুলনা
ও
সভাপতি
মডেল মসজিদ জনবল বাছাই কমিটি
ফোন নম্বর-০১৭৪৭-৬০৬০৬০

স্মারক নং: ০৫.৪৪.৪৭৭৫.০০১.১৮.০২.০০৫.২৬-

তারিখ : ০৫ নভেম্বর ২০২৬ খ্রিঃ / ২০ কার্তিক১৪৩৩ বঙ্গাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ হলো-
০১। জেলা প্রশাসক, খুলনা।
০২। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, খুলনা বিভাগীয় কার্যালয়।
০৩। ....., সদস্য, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি, রূপসা, খুলনা।
০৪। সংশ্লিষ্ট নথি।

মো: রিফাতুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
রূপসা খুলনা

Scanned with CamScanner
CamScanner